

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৪, ২০১৬

[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

আনসার অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ/১০ পৌষ, ১৪২২ বঃ

নং ৪৪.০০.০০০০.১১৪.১৬.০০১.১৫-৩১২—নং-৪৪.০০.০০০০.১১৬.০৪.০০২.১২-৫৮
তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০১২—বাংলাদেশ গেজেটে আনসার ও ভিডিপি অধিদপ্তরের বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা/কর্মচারীদের জাতীয় অকুতোভয় অবদান, বীরত্ব/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ সরকার কর্তৃক 'বাংলাদেশ আনসার পদক', 'প্রেসিডেন্ট আনসার পদক', 'বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক', 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল পদক', 'বাংলাদেশ আনসার (সেবা) পদক', 'প্রেসিডেন্ট আনসার (সেবা) পদক', 'বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক', 'প্রেসিডেন্ট গ্রাম প্রতিরক্ষা দল (সেবা) পদক' প্রদান প্রবর্তিত হয়।

০২। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন আনসার ও ভিডিপি অধিদপ্তরে সেনাবাহিনী থেকে প্রেষণে আগত পদক প্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে “প্রদত্ত মাসিক ভাতা, তাঁর অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তনের পরেও বহাল থাকবে। এ ক্ষেত্রে আর্থিক সংশ্লেষ সংশ্লিষ্ট পদকপ্রাপ্ত সদস্যের অভিভাবক সংস্থার প্রচলিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।”

০৩। এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী নাজির হোসেন

যুগ্মসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৬২৫)

মূল্য : টাকা ৪.০০